



বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭
www.coastguard.gov.bd

বিজ্ঞপ্তি

৪৪.০৮.২৬৮০.০৬০.৪৮.০০১.২০. ৫৭২ তারিখ ২৪ মার্চ ২০২০।

২০২০-২০২১ অর্থবছরে বাংলাদেশ কোস্ট গার্ডে সরবরাহকারী ও ঠিকাদার তালিকাভুক্তি এবং নবায়ন

১। বাংলাদেশ কোস্ট গার্ডে ২০২০-২০২১ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত শ্রেণীর জন্য আগ্রহী ঠিকাদারদের তালিকাভুক্তির আবেদন আহ্বান করা যাচ্ছে :

শ্রেণী 'ক' : সকল প্রকার পণ্য সামগ্রী (Goods) সরবরাহকারী প্রতিষ্ঠান (ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে The Bengal Drug Rules 1946. Form 9 থাকা বাধ্যতামূলক)।

শ্রেণী 'খ' : অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি মেরামতকারী প্রতিষ্ঠান (কম্পিউটার, প্রিন্টার, পিপিএস মেশিন, টিভি, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, মাল্টিমিডিয়া, ক্যামেরা ও ভিডিও ক্যামেরা, ইউপিএস, আইপিএস, নোট কাউন্টিং, সাইক্লোস্টাইল মেশিন ইত্যাদি)।

শ্রেণী 'গ' : মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ/জলযান মেরামতকারী প্রতিষ্ঠান।

২। 'ক' শ্রেণীভুক্ত সকল সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে মূসক-২.৩ ফরমে Procurement Provider হিসাবে এবং খ ও গ শ্রেণীভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট বিষয়ে মূসক-২.৩ ফরমে নিবন্ধিত হতে হবে।

৩। দরপত্রে অংশগ্রহণের জন্য এক শ্রেণীতে নিবন্ধিত হয়ে অন্য শ্রেণীর দরপত্রে অংশগ্রহণ করা যাবে না। প্রত্যেক শ্রেণীর জন্য আলাদা আলাদাভাবে ফি প্রদানপূর্বক তালিকাভুক্ত হতে হবে এবং সংশ্লিষ্ট মূসক ফরমে নিবন্ধিত হতে হবে।

৪। তালিকাভুক্তি ও নবায়ন ফি :

ক। শ্রেণীভিত্তিক তালিকাভুক্তি ফি ৫,০০০/০০ (টাকা পাঁচ হাজার মাত্র)(অফেরৎযোগ্য)।

খ। শ্রেণীভিত্তিক নবায়ন ফি ২,০০০/০০ (টাকা দুই হাজার মাত্র)(অফেরৎযোগ্য)।

৫। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে পরিচালক (লজিস্টিক্স) বাংলাদেশ কোস্ট গার্ড বরাবর স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। এছাড়াও আবেদনপত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানা, টেলিফোন/রেজিস্টার্ড মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি ইত্যাদি থাকতে হবে। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় পে-অর্ডার আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, কোস্ট গার্ড সদর দপ্তর (**AYONO O BAYON KORMOKORTA, COAST GUARD SODOR DOPHTOR**) বরাবর সংযুক্ত করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে :

ক। ট্রেড লাইসেন্সের হালনাগাদ কপি।

খ। হাল নাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট।

গ। ভ্যাট নিবন্ধন সনদের কপি।

ঘ। ব্যাংক সক্ষমতার সনদপত্র (হালনাগাদ) এবং গত ছয় মাসের ব্যাংক লেনদেন স্টেটমেন্ট।

ঙ। সরবরাহকারী হিসেবে অন্য কোন সরকারি /স্বায়ত্তশাসিত সংস্থায় তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিবরণ।

চ। প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ২ কপি।

ছ। পে অর্ডার।

জ। ড্রাগ লাইসেন্স (ঔষধ সরবরাহকারীর ক্ষেত্রে)।

ঝ। জাতীয়তা পরিচয়পত্রের ফটোকপি।

ঞ। প্রাধিকার প্রাপ্ত (Authorised) প্রতিনিধির নমুনা (Specimen) স্বাক্ষর (০৩ টি)।

ট। ইতিপূর্বে কোন সরকারি /স্বায়ত্তশাসিত সংস্থায় মালামাল সরবরাহে ব্যর্থ বা অন্যকোন কারণে কালো তালিকাভুক্ত হয়ে থাকলে তার বিবরণ।

৭। বর্তমানে তালিকাভুক্ত সরবরাহকারী ও ঠিকাদারগণকে ৩০ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে নবায়নের জন্য আবেদন করতে হবে। নতুনভাবে তালিকাভুক্তির জন্য আগামী ১৪ মে ২০২০ তারিখের মধ্যে আবেদন করতে হবে। তবে আগামী ১৪ মে ২০২০ তারিখের মধ্যে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ আবেদন দাখিল করতে না পারলে পরবর্তীতে যে কোন সময় আবেদন করা যাবে কিন্তু তা বিধিমোতাবেক বাৎসরিক ভিত্তিতে একবার কমিটি কর্তৃক মূল্যায়ন করে হালনাগাদ করা হবে।

৮। বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সহকারী পরিচালক লজিস্টিক্স
পক্ষে পরিচালক